হিজলবাড়িয়ায় জমির বিরোধ নিয়ে প্রতিপক্ষের হামলায় ৩ জন আহত

গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামে জমি সংক্রান্ত বিরো ধের জের ধরে প্রতিপক্ষের হামলায় ৩ জন মারাত্বক আহত হয়েছেন।

আহতরা হলেন-হিজলবাড়ীয়া গ্রামের উত্তরপাড়া মৃত আজাহার মন্ডলের ছেলে আফতাব মন্ডল (৬০), মিলন হোসেনের ছেলে ইমন হোসেন (১৬) ও আফতাব মন্ডলের ছেলে মামুন হোসেন (১৮)।

মঙ্গলবার সকালে গাংনী উপজেলার হিজলবাড়ীয়া গ্রামের উত্তরপাড়া এলাকায় হামলার ঘটনা ঘটে। আহতরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

আহত আফতাব মন্ডল জানান, আমার বাবা ও চাচা ইছাহাক আলী বাড়ির জমি জায়গা রেওয়াজ পদ্ধতিতে রেজিস্ট্রি করেন। বাবা ও চাচা মারা গেলে, চাচাতো ভাই আব্দুল মান্নান (৫০) ও আব্দুল হান্নান (৪৫) এর সাথে ওই জমি রেওয়াজ ভেঙ্গে সমঝোতার কথাও হয়েছিল। পরে তারা সমঝোতার রাজি হয়নি।

ওই জমিতে জোরপূর্বক ঘর নির্মাণ করেছে। এবিষয়ে তাদের নিষেধ করতে গেলে তারা আমাদের উপর হামলা করে। এঘটনায় উভয়পক্ষ মামলার প্রস্তুতি নিচ্ছেন।

শেখ হাসিনার উন্নয়ন ও পজেটিভ নিউজগুলোকে তুলে ধরার জন্য সাংবাদিকদের প্রতি অনুরোধ

মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেছেন, সাংবাদিকতা একটি ঝুঁকিপূর্ণ পেশা। সকল বাঁধা বিপত্তি অতিক্রম করে একে অপরের দিকে তাকিয়ে সব মিলিয়ে সংবাদ

পরিবেশন করে থাকেন আমাদের সাংবাদিক বন্ধুরা।

সাংবাদিক সমাজ অনেক সময় অকট্য গালমন্দ শুনেও চরম সত্যটিকে জাতীর সামনে তুলে ধরেন। আমি আমার সকল কাজের ক্ষেত্রে সার্বিক সহযোগীতা পেয়েছি। সাংবাদিকদের এ সহযোগীতা ভবিষ্যতে আরো বেশী করে পেতে চাই।

মঙ্গলবার গাংনী উপজেলা প্রেসক্লাব আয়োজিত ইফতার ও দোয়ার মাহফিলের ইফতার পূর্ব সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডামের সভাপতিত্বে অনুষ্ঠিত ইফতার পূর্ব আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সদ্য বিদায়ী সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, সদ্য বিদায়ী সাংগাঠনিক সম্পাদক নজরুল ইসলাম ও মনিরুজ্জামান মনি মাস্টার, গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম, গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, আওয়ামী লীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম।
মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি আরো বলেন, আওয়ামী লীগ ক্ষমতায় আসার পরে সারা দেশে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে।

শেখ হাসিনার উন্নয়ন ও পজেটিভ নিউজগুলোকে তুলে ধরার জন্য সাংবাদিকদের অনুরোধ জানান তিনি। এছাড়া গাংনীর উন্নয়নের প্রেক্ষাপট তুলে ধরে এমপি খোকন বলেন, এ উপজেলার রাস্তা-ঘাট, ব্রীজ-কালভার্ট, স্কুল কলেজের নতুন নতুন ভবন নির্মাণ, মসজিদ মাদ্রাসাসহ সকল ক্ষেত্রে উন্নয়ন বলতে যা কিছু বোঝাই সব চলমান রয়েছে।

উপজেলায় একটি স্টেডিয়ামের জন্য ইতোমধ্যে টেন্ডার হয়ে গেছে। ভাটপাড়া নীলকুঠি ডিসি ইকোপার্কটি নতুন করে উন্নয়ন দিয়ে সাজানো হচ্ছে। ভাটপাড়া বাজারে নতুন মার্কেট নির্মাণ হয়েছে।

এছাড়া নদী নালা, খাল বীলগুলো নতুন করে কাটা অব্যাহত রয়েছে। স্কুল কলেজ ও মাদ্রাসাগুলোতে শিক্ষার অনুকুল পরিবেশ ফিরিয়ে আনা হচ্ছে।

সব মিলিয়ে একটা শান্তি ও নিরাপত্তা বলয়ের মধ্যে গাংনীর মানুষ

বসবাস করছেন। অথচ, এই গাংনীতে এক সময়ে সন্ধ্যে হলে বোমার বিস্ফোরণ ও বোমা হামলার আতংকে জীবন কাটতো মানুষের। সেই যায়গায় আজকে শান্তির সুবাতাস বইছে।

এমপি খোকন বলেন, প্রতিটি কর্মই মানুষের জীবনে অত্যন্ত কষ্টকর। সেটি বাস্তবায়ন করা আরো কঠিন।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সম্পাদক ও সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, সিনিয়র সহ-সভাপতি আবুল কাশেম অনুরাগী, সিনিয়র সাংবাদিক হারুন অর রশিদ রবি, গাংনী উপজেলা প্রেসক্লাবের সহ সভাপতি সাহাজুল ইসলাম সাজু ও সিনিয়র সাংবাদিক এম এ লিংকন।

ইফতার পূর্ব আলোচনা শেষে রমজানের ফজিলত ও দেশ জাতীর কল্যাণে দোয়া ও মোনাজাত পরিচালনা করেন মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি।

এসময় শ্রমিক নেতা মনিরুজ্জামান মনি, মোতলেব হোসেনসহ স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ ও সামাজিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

গত ১০ এপ্রিল অনুষ্ঠিত গাংনী উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক কাউন্সিলের মধ্য দিয়ে আওয়ামী লীগের নেতা কর্মীদের সহযোগীতায় আমি আবারো দ্বিতীয় বারের মত গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হয়েছি। এজন্য আওয়ামী লীগের সকল স্তুরের নেতা কর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এমপি সাহিদুজ্জামান খোকন।

ভেড়ামারায় জিকে সেচ প্রকল্পের খালে প্রকৌশলীর লাশ উদ্ধার

কুষ্টিয়ার ভেড়ামারার গঙ্গা-কপোতাক্ষ (জিকে) সেচ প্রকল্পের প্রধান খাল থেকে গোলাম সরোয়ার মিঠুন (৩৫) নামের এক প্রকৌশলীর

লাশ উদ্ধার করেছে পুলিশ।

মঙ্গলবার বেলা ৩টার দিকে জিকে সেচ প্রকল্পের প্রধান খালের ভেড়ামারা ষোলদাগস্থ স্থান থেকে এ মরদেহ উদ্ধার করা হয়।
মিঠুন ভেড়ামারা উপজেলার মহারাজপুর গ্রামের গোলাম রব্বানীর ছেলে। তিনি একজন বিএসসি ইঞ্জিনিয়ার ছিলেন। তবে পরিবারের দাবি, কিছুদিন ধরে তিনি মানসিক ভারসাম্যহীন ছিলেন।

পরিবারের বরাত দিয়ে ভেড়ামারা থানার ওসি (তদন্ত) নান্নু খান জানান, বিকেলে স্থানীয়রা সেচ খালের পানিতে মরদেহটি দেখে পুলিশে খবর দেয়। পুলিশ ঘটনাস্থল থেকে মিঠুন নামের ওই ব্যক্তির মরদেহ উদ্ধার করে। তার পরিবারের ভাষ্যমতে, কিছুদিন ধরে তিনি মানসিক ভারসাম্যহীন ছিলেন। মানসিক হাসপাতালসহ বিভিন্ন স্থানে চিকিৎসা করা হয়। গত দুইদিন ধরে বাড়ি থেকে নিখোঁজ ছিলেন মিঠুন।

লালন শাহ সেতুর নিকট যাত্রী ছাউনী জামে মসজিদের ইমাম আব্দুর রশিদ জানান, গত দুইদিন ধরে মিঠুন উক্ত মসজিদে অবস্থান করছিল। মঙ্গলবার যোহরের নামাজের পর জিকে ক্যানালের ১ নং ব্রিজের কাছে গোসল করতে যায়। পরে মরদেহ ভেসে উঠে।

কুষ্টিয়ার অতিরিক্ত সুলিশ সুপার (ভেড়ামারা-দৌলতপুর সার্কেল) ইয়াসির আরাফাত জানান, খালে গোসল করতে গিয়ে হয়তো ডুবে মারা গিয়েছে। তার মানসিক সমস্যা ছিল এবং সাঁতার জানতো না বলে জানা গেছে।

কুষ্টিয়ায় জিয়াউর রহমানের ম্যুরালে কালি, পাল্টাপাল্টি কর্মসূচি

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলা পরিষদের সামনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পাশে থাকা জিয়াউর রহমানের ম্যুরাল অপসারণ করার দাবি উঠেছে।

কুষ্টিয়ায় সেমাই তৈরিতে ব্যস্ত শ্রমিকরা

ঈদের মত মহোৎসবে সেমাইয়ের যেন বিকল্প নেই। দেশের বিভিন্ন স্থানে সেমাই তৈরি হলেও কুষ্টিয়া এর জন্য সুখ্যাত। আসন্ন ঈদুল ফিতরকে সামনে রেখে তাই মহাব্যস্ত স্থানীয় সেমাই কারখানাগুলোর শ্রমিকরা।

কুষ্টিয়ার বিভিন্ন সেমাই কারখানা ঘুরে দেখা গেছে, ময়দা মাখানো, মেশিনের মাধ্যমে মিশ্রণ তৈরি করা, অতঃপর সেমাই তৈরি করে রোদে শুকানোর কাজে ব্যস্ত শ্রমিকরা। ঈদ যতই কাছে আসছে, তাদের ব্যস্ততা যেন ততই বাড়ছে। সময়মত সেমাই সরবরাহ করতে হবে তাদের।

কুষ্টিয়ার সাদা সেমাইয়ের ব্যাপক চাহিদা থাকায় বিভিন্ন জেলায় বিক্রি হয়। রমজান মাস যত শেষ হয়ে যাচ্ছে ততই এই সেমাই বিক্রির পরিমাণ বেড়ে যাচ্ছে। সেমাই বেচাকেনা নিয়ে পাইকারি ব্যবসায়ীরাও আড়তে ব্যস্ত হয়ে পড়েছেন।

কুষ্টিয়ার বিখ্যাত সাদা সেমাই ঈদ উপলক্ষে বিপুল পরিমাণে উৎপাদিত হচ্ছে। দম ফেলানোর যেন ফুরসত নেই শ্রমিকদের। উন্নতমানের সেমাই তৈরির চ্যালেঞ্জ রয়েছে তাদের।

তবে, অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে সেমাই তৈরির অভিযোগ আছে অনেক কারখানার বিরুদ্ধে। এমনকি বাংলাদেশ স্ট্যান্ডার্ড অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশনের (বিএসটিআই) অনুমোদন না থাকারও অভিযোগ পাওয়া গেছে অনেকগুলো কারখানার বিরুদ্ধে।

জেলাটিতে ১৭টি সেমাই কারখানা রয়েছে। এসব কারখানায় কোনো কেমিক্যাল ব্যবহার না করেই স্বাস্থ্যসম্মতভাবে সেমাই তৈরি করা হচ্ছে বলে দাবি ব্যবসায়ীদের।

তবে সরেজমিনে গিয়ে দেখা গেছে, শহরের অলিগলিতে অস্থায়ী কারখানায় দিনরাত চলছে সেমাই তৈরির কাজ। বেশি মুনাফার আশায় নোংরা ও অপরিষ্কার কারখানায় কারিগররাও অপরিচ্ছন্নভাবে কাজ করছেন। তাছাড়া খোলা স্থানে শুকানো হচ্ছে সেমাই। যেখানে কাক বা অন্য পাখির

অবাধ বিচরণ রয়েছে।

কুষ্টিয়া খাদ্য শিল্প মালিক সমিতির সাধারণ বিল্লাল হোসেন বলেন, জেলার চাহিদা মিটিয়ে এখানকার সেমাই আশপাশের জেলাগুলোতেও সরবরাহ করা হয়ে থাকে। প্রতিদিন দুই থেকে তিনশ’ মণ সেমাই উৎপাদন করা হচ্ছে। এখন আবহাওয়া ভালো থাকলেও মাঝে মাঝে বৃষ্টির কারণে উৎপাদন ব্যহত হচ্ছে। এদিকে কুষ্টিয়ার সেমাই কারখানাগুলোতে নোংরা অপরিচ্ছন্ন পরিবেশের মধ্যে তৈরি সেমাই কতটা স্বাস্থ্যসম্মত সেটাই দেখার বিষয়।

জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম জানান, পবিত্র রমজান উপলক্ষ্যে যাতে জেলার কোথাও ভেজাল খাদ্য বিক্রি বা দ্রব্য মূল্যের উর্ধ্বগতি না হয় সে দিকে জেলা প্রশাসনের পক্ষ থেকে কঠোর নজরদারী করা হচ্ছে। সেমাই কারখানাগুলোতে শীঘ্রই অভিযান শুরু হবে।

আলমডাঙ্গায় গাঁজার গাছসহ আটক-১

আলমডাঙ্গার বিনেতপুর গাঁজার গাছসহ রাজিব হোসেন (২০) নামে একজনকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার বিকেল সাড়ে ৫ টার দিকে উপজেলার ডাউকি ইউনিয়নের বিনেতপুর গ্রাম থেকে তাকে আটক করা হয়। এঘটনায় আলমডাঙ্গা থানায় একটি মাদক আইনে মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ সূত্রে জানাগেছে, আলমডাঙ্গার বিনেতপুর গ্রামের আবু বক্করের ছেলে রাজিব হোসেন। সে দীর্ঘদিন যাবৎ গোপনে বাড়ির পাশে কলাবাগানে গাঁজা গাছ চাষ করে আসছে।

এমন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক এসআই স্বপন সরকার, উপ-পরিদর্শক এসআই সুফল কুমার বিশ্বাসসহ সঙ্গীয় ফোর্স মাদক বিরোধী অভিযান পরিচালনা করে।

এসময় পুলিশ রাজিব হোসেনের কলাবাগান থেকে দুটি তাঁজা গাঁজা গাছ উদ্ধার করে। গাঁজা গাছ চাষের অপরাধে রাজিবকে আটক করে পুলিশ। এ ঘটনায় রাজিবের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য আইনে মামলা

আলমডাঙ্গায় গাঁজা সেবনের অপরাধে এক ব্যক্তির কারাদণ্ড

আলমডাঙ্গায় গাঁজা সেবনের অপরাধে আরশেদ আলি নামের এক ব্যক্তিকে ৬ মাসের কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার বিকেল সাড়ে ৪ টার দিকে উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর এ আদেশ দেয়।

আদালত সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার ভাঙবাড়িয়া গ্রামের রিয়াজুদ্দিনের ছেলে আরশেদ আলি দীর্ঘদিন গাঁজা সেবন ও বিক্রয় করে আসছে। গোপন সংবাদের ভিত্তিতে থানাপুলিশ অভিযান চালিয়ে আরশেদ আলিকে আটক করে। এসময় আরশেদ আলির শরীর তল্লাশি করে ৩০ গ্রাম গাঁজা উদ্ধার করে।

বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরকে অবগত করে। খবর পেয়ে ঘটনাস্থলে উপস্থিত হয়ে আরশেদ আলিকে ৬ মাসের কারাদণ্ড প্রদান করে ভ্রাম্যমাণ আদালত। এছাড়াও একই অপরাধে ১ হাজার টাকা জরিমানা করেন।

হরিণাকুণ্ডুতে মোটরসাইকেলের ধাক্কায় স্কুল শিক্ষক নিহত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে মোটরসাইকেলের ধাক্কায় ইউনুস আলী (৫০) নামের এক স্কুল শিক্ষক নিহত হয়েছে। নিহত ইউনুস আলী উপজেলার কন্যাদহ মনির উদ্দিন বিশ্বাস মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও একই গ্রামের মনির উদ্দিন বিশ্বাসের ছেলে।

গত সোমবার রাতে নিজ বাড়ী থেকে বের হয়ে তারাবির নামাজ পড়তে মসজিদে যাওয়ার পথে স্থানীয় গোরস্থান মোড়ে পৌছালে একটি মোটরবাইকেলের ধাক্কায় তিনি গুরুতর আহত হন, পরে স্থানীয়রা তাকে দ্রুত ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে। সেখানে তার অবস্থায় অবনতি ঘটলে কর্তব্যরত চিকিৎসক তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে।

মঙ্গলবার সকালে চিকিৎসাধীন অবস্থায় রক্তক্ষরণ জনিত কারণে তার মৃত্যু হয়। হরিণাকুন্ডু উপজেলা শিক্ষক শিক্ষক সমিতির পক্ষ থেকে অধ্যক্ষ শরিফুল ইসলাম, নিহত স্কুল শিক্ষকের পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করেছেন।

ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

ঝিনাইদহর হরিণাকুন্ডুতে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন -২০০৯ উদযাপন উপলক্ষে অবহিতকরণ ও বাস্তবায়ন বিষয়ক সেমিনার-২০২২ পালিত হয়েছে।

মঙ্গলবার সকাল ১১টায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব সুস্মিতা সাহা সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি বক্তব্য রাখেন ঝিনাইদহ ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব জিয়াউল হক।

এসময় উপস্থিত ছিলেন, সহকারি কমিশনার (ভুমি) সেলিম আহম্মেদ, হরিণাকুন্ডু থানা অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম, উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান,জোড়াদহ কলেজ অধ্যক্ষ শরিফুল ইসলাম, সালেহা বেগম মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ মোক্তার আলী,হরিণাকুণ্ডু প্রেস ক্লাবের সভাপতি সাইফুজ্জামান তাজু, সাধারণ সম্পাদক সুদীপ্ত সালাম, ফায়ার সার্ভিস স্টেশন কর্মকর্তা জামাল হোসেন সহ বিভিন্ন দপ্তরের প্রধান ও মিডিয়া কর্মীবৃন্দ।

ঝিনাইদহে ২৪’শ কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে আউশ ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসুচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামুল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে সদর উপজেলা কৃষি অফিসের আয়োজনে উপজেলা পরিষদ চত্তরে কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক মনিরা বেগম। সেসময় কৃষি সম্প্রসারন অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম শাহীন, সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিম, কৃষি সম্প্রসারণ অফিসার জুনাইদ হাবীবসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সদর উপজেলার দুই হাজার ৪ শ’ জন কৃষককের মধ্যে প্রত্যেককে বিঘা প্রতি ৫ কেজি আউশ ধানের বীজ, ২০কেজি ডিএপি ও ১০কেজি এমওপি সার বিতরন করা হয়। এই সহযোগীতার মাধ্যমে কৃষকরা উৎপাদন খরচ কমিয়ে অধিক পরিমানে আউশ ধান ফলাতে পারবেন বলে জানান অতিথিরা।